

ঈশ্বর প্রার্থনা শুনেছিলেন এবং সিংহের মুখ বন্ধ করেছিলেন

প্রার্থনাঃ “প্রিয় পিতা, শিশুদের বিশ্বস্তভাবে প্রার্থনা করতে শিক্ষা দিতে এই অধ্যয়নটি ব্যবহার কর।”

শিশুদের বয়স এবং বর্তমান প্রয়োজনের সঙ্গে মানানসই যে কোন একটি শিক্ষা কার্যকলাপ পছন্দ করুন।



দানিয়েল এবং সিংহদল। একজন শিক্ষক অথবা বড় শিশু দানিয়েল ৬ অধ্যায় থেকে গল্পটি পাঠ করবে অথবা মন থেকে বলবে। ঈশ্বর কিভাবে দানিয়েলের প্রার্থনা শুনেছিলেন এবং সিংহের হাত থেকে তাঁকে রক্ষা করেছিলেন, সেই বিষয়ে গল্পটিতে বলা হয়েছে।

জিজ্ঞাসাঃ (প্রতিটি প্রশ্নের পর উত্তর দেওয়া হয়েছে।)

- ১) রাজার অধ্যক্ষগণ দানিয়েলের ওপর ঈর্ষান্বিত হয়েছিল কেন? (৩ পদ দেখুন)
- ২) রাজার অধ্যক্ষগণ কেন রাজাকে দিয়ে প্রার্থনার বিষয় নূতন নিয়ম তৈরী করতে চেয়েছিলেন? (৫ পদ)
- ৩) রাজার নূতন নিয়মের বিষয় শোনার পর দানিয়েল কি করেছিলেন? (১০ পদ)
- ৪) দানিয়েল যখন সিংহের গুহার মধ্যে ছিলেন, সেই রাতে রাজা কি করেছিলেন? (১৮ পদ)
- ৫) দানিয়েল কিভাবে সিংহের হাত থেকে রক্ষা পেয়েছিলেন? (২২ পদ)
- ৬) দানিয়েল সিংহের হাত থেকে রক্ষা পাওয়ার পর কি নূতন নিয়ম তৈরী করেছিলেন? (২৬ পদ)

আরাধনার সময় নাটকটি উপস্থাপনের জন্য দলের নেতাদের সঙ্গে ব্যবস্থা করুন। শিশুদের উত্তমরূপে প্রস্তুত করুন।

গল্পটির কিছু অংশের নাট্যরূপ দিন (দানিয়েল ৬ অধ্যায়)।

বড়শিশুরা অথবা প্রাপ্তবয়স্করা এই চরিত্রগুলোকে অভিনয় করবেঃ

বর্ণনাকারীঃ গল্পটি সংক্ষিপ্ত করবে। কি করতে হবে এবং বলতে হবে সেই বিষয়ে শিশুদের সাহায্য করবে।

রাজাঃ একটি কাগজ থাকবে যাকে বলা হবে “রাজার শাসন”।

দানিয়েল

ছোট শিশুরা এই অংশগুলো অভিনয় করবেঃ

রাজার অধ্যক্ষগণ। রাজার শাসনের আদেশ পত্র ধরে থাকবে।

সিংহের দলঃ হামাগুড়ি দিয়ে হাঁটবে এবং গর্জন করবে।

স্বর্গদূত। কাপড় ধরে থাকবে।

সৈন্যবাহিনী।

বর্ণনাকারীঃ ১-১০ পদ থেকে গল্পটির প্রথম অংশ বলবে। তারপর বলবে “শুনুন, রাজার অধ্যক্ষগণ কি বলছেন।”

রাজার অধ্যক্ষগণঃ উচ্চরবে বলবে, “রাজা দানিয়েলকে আমাদের থেকে গুরুত্বপূর্ণ করেছেন!”

“আমাদেরকে তার হাত থেকে মুক্ত হতে হবে। আর তাঁকে কিভাবে অভিযুক্ত করতে পারি?”

“সে কোন ভুল করে না!”

“রাজাকে দানিয়েলের ঈশ্বরের কাছে প্রার্থনার বিরুদ্ধে নির্দেশ জারি করতে হবে।”

রাজাঃ অধ্যক্ষগণ হাতে কাগজটি দেবেন। “উত্তম। এখানে তোমরা যে নতুন আইন চেয়েছিলে তা আছে। প্রত্যেককে কেবলমাত্র আমার কাছে প্রার্থনা করতে হবে।”

দানিয়েলঃ চেয়ারে উঠে দরজা খোলার ভান করবেন। তারপর নতজানু হয়ে বলবেন, “ঈশ্বর আমি কেবলমাত্র তোমার কাছে প্রার্থনা করব এবং প্রতিদিন তোমার প্রশংসা করব।”

বর্ণনাকারীঃ ১১-১৮ পদ থেকে গল্পটির দ্বিতীয় ভাগটি বলুন। তারপর বলবেন, “শুনুন, অধ্যক্ষগণ কি বলছেন।”

রাজার অধ্যক্ষগণঃ “হে রাজন, দানিয়েল এখন তাঁর ঈশ্বরের কাছে প্রার্থনা করেন।” “আপনার উচিত তাঁকে অবশ্যই সিংহের গুহায় নিক্ষেপ করা।”

রাজাঃ “হায়, আমি এটা করতে চাই না, কিন্তু এটাই যে আইন। তাকে গুহার মধ্যে ফেলে দিয়ে গুহার মুখ পাথর দিয়ে ঢেকে দাও। হায়, আমি খুব দুঃখিত। সারারাত আমি খেতে বা ঘুমোতে পারব না!”

সৈন্যগণঃ দানিয়েলকে সিংহদের গর্তে ফেলে দেবে।

সিংহের দলঃ গর্জন করবে।

বর্ণনাকারীঃ ১৯-২২ পদ থেকে গল্পটির তৃতীয় অংশটি বলবে। তারপর বলবে “শুনুন, স্বর্গদূত কি বলছে।”

স্বর্গদূতঃ সিংহের মুখ কাপড় দিয়ে বন্ধ করে দেবে। বলবে, “সিংহেরদল তোমরা দানিয়েলকে আঘাত করবে না।”

সিংহের দলঃ “দানিয়েলের চারদিকে ঘুরবে, তারপর শুয়ে পড়বে এবং ঘুমিয়ে যাবে।”

রাজাঃ “যাক শেষ পর্যন্ত সকাল হল।” (সিংহের খাদের দিকে হেঁটে যাবে) “দানিয়েল। তুমি কি জীবিত? তোমার ঈশ্বর কি তোমাকে রক্ষা করেছেন?”

দানিয়েলঃ “হাঁ, এক স্বর্গদূত সিংহের মুখ বন্ধ করে দিয়েছেন।”

বর্ণনাকারীঃ ২৩-২৮ পদগুলো থেকে গল্পটির চতুর্থ অংশ বলবেন। বলবেন, “শুনুন, রাজা কি বলছেন।”

রাজাঃ “আমি খুব আনন্দিত! সেই দুষ্ট অধ্যক্ষদের নিয়ে এসো। তাদেরকে সিংহের গর্তে ফেলে দাও! এখন থেকে আমরা সবাই দানিয়েলের ঈশ্বরের আরাধনা করব।”

সৈন্যগণঃ অধ্যক্ষদের সবাইকে সিংহের গুহায় নিক্ষেপ করবে।


সিংহদলঃ গর্জন করতে করতে অধ্যক্ষদের আক্রমণ করবে।

বর্ণনাকারীঃ যারা আমাদের বিশ্বস্তভাবে প্রার্থনা করতে শিখিয়েছেন, তাদের সবাইকে ধন্যবাদ।

প্রশ্নাবলীঃ ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের কাছে নাটকটি উপস্থাপন করে থাকে তবে তাদের দানিয়েলের বিষয়ে এবং তাঁর প্রার্থনার বিষয়ে ওপরে প্রদত্ত প্রশ্নগুলো বড়দের কাছে জিজ্ঞাসা করতে দিন।

শিশুদের জিজ্ঞাসা করুনঃ যখন আমরা বিশ্বস্তভাবে প্রার্থনা করব সেই বিষয়ে অন্যান্য উদাহরণগুলো কি কি? (শিশুদের উদাহরণগুলো বলতে দিন।)

অঙ্কনঃ একটি সিংহের ছবি আঁকুন অথবা দেখান। শিশুদের ছবিটি নকল করতে দিন। পরবর্তী আরাধনার সময় তারা বড়দের কাছে ছবিগুলো দেখাতে পারে এবং ব্যাখ্যা করতে পারে যে এই ছবিটি ব্যাখ্যা প্রদর্শন করে যে কিভাবে আমাদের বিশ্বস্তভাবে প্রার্থনা করা উচিত, এমনকি লোকেরা ইহা ঘৃণা করা সত্ত্বেও ইহা করা উচিত।



মুখস্থ পদঃ ২ থিযলনীকীয় ৩ঃ২

কবিতাঃ তিনজন শিশুর প্রত্যেককে গীত ৫৭ঃ ৪,৫,৬, পদগুলোর থেকে একটি করে পদ আবৃত্তিকরতে দিন।

প্রার্থনাঃ “প্রভু, তুমি খুব শক্তিশালী। তুমি সিংহের মুখ বন্ধ করতে পার। আমরা সর্বদা তোমার ওপর আস্থা রাখি। আমরা সর্বদা তোমার কাছে প্রার্থনা করব, এমন কি ইহা কষ্টকর হলেও। এমনকি আমাদের প্রতি মন্দ কিছু ঘটলেও, তুমি আমাদের অনন্ত মৃত্যু থেকে রক্ষা করবে। যীশুর নামে আমেন।”

